গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের নৈতিকতা উপকমিটির মার্চ ২০১৭ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ হারুন-উজ-জামান ভূঁইয়া
পরিচালক (প্রশাসন ও অর্থ) ও সভাপতি, নৈতিকতা উপকমিটি।
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

সভার তারিখ : ১৯/০৩/২০১৭ খ্রিঃ
সময় : সকাল ১১:০০ ঘটিকা
স্থান : ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সম্মেলন কক্ষ।
সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা : পরিশিষ্ট 'ক'।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। অত:পর বিগত ২৭/০২/২০১৭ খ্রিঃ তারিখে সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করার পর নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা পর্যালোচনা সাপেক্ষে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

ক্রঃ নং	বিষয়	গৃহীত সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	জনবল মঞ্জুরি, নিয়োগবিধি ও অর্গানোগ্রাম সংশোধন টিওএন্ডই হালনাগাদকরণ	মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় যোগাযোগপূর্বক জনবল মঞ্জুরি, নিয়োগবিধি সংশোধন, অর্গানোগ্রাম সংশোধন ও টিওএন্ডই হালনাগাদকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। চলতি মাসের ৩০ তারিখের মধ্যে নিয়োগ বিধির জন্য মন্ত্রণালয় কর্তৃক চাহিত তথ্যাদি প্রেরণ নিশ্চিত করতে হবে।	উপ পরিচালক (প্রশা: ও অর্থ)
২.	শুদ্ধাচার পুরস্কার প্রদান	মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক পুরস্কার প্রদানের মানদন্ড তৈরি এবং শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য প্রাপ্ত সাইটেশন যাচাই-বাছাই পূর্বক জরুরি ভিত্তিতে পুরস্কার প্রদানের জন্য নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে কমিটি গঠন করা যেতে পারেঃ (১) পরিচালক(অপাঃ ও মেইনঃ) সভাপতি (২) উপ-পরিচালক(প্রশাসন ও অর্থ) সদস্য সচিব (৩) উপ-পরিচালক(উন্নয়ন) সদস্য (৪) সহকারী পরিচালক(প্রশাসন ও অর্থ) ও সদস্য (৫) সহকারী পরিচালক (পরিকল্পনা কোষ) সদস্য।	সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ)
৩.	সেবা সহজীকরণ	শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী এ্যাম্বুলেন্স সেবা, ফায়ার রিপোর্ট প্রদান ও প্যাকেজ প্রশিক্ষণ এই ৩টি সেবাকে সহজীকরণের লক্ষ্যে নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে কমিটি গঠন করা হলোঃ (১) উপ-পরিচালক(এ্যাম্বুলেন্স)— সভাপতি (২) সহকারী পরিচালক(ক্রয় ও স্টোর)— সদস্য সচিব (৩) সহকারী পরিচালক (ওয়্যারহাউজ ও ফায়ার প্রিভেনশন)-সদস্য (৪) উপ-সহকারী পরিচালক(প্যাকেজ সেল)— সদস্য। গঠিত কমিটিকে আগামী ১০/০৪/১৭ তারিখের মধ্যে উক্ত বিষয়ে প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।	উপ-পরিচালক (এ্যাম্বুলেন্স)
৪.	অনলাইনে সেবা প্রদান	ILO এবং সফটওয়ার ডেভেলপার কোম্পানির সাথে যোগাযোগ পূর্বক অনলাইনে ফায়ার লাইসেন্স প্রদানের কার্যক্রম দ্রুত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সহকারী পরিচালক (উন্নয়ন)
৫.	ফায়ার লাইসেন্স সংখ্যা ও মাশুল আদায়	২০১৬-১৭ অর্থ বছরে ওয়্যারহাউজ ও ওয়ার্কশপের ফায়ার লাইসেন্সের সংখ্যা ও লাইসেন্স বাবদ মাশুল আদায় বৃদ্ধির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। এ ব্যাপারে ওয়্যারহাউজ ইন্সপেক্টরদের লাইসেন্সের সংখ্যা ও লাইসেন্স বাবদ মাশুল আদায় বৃদ্ধিতে তৎপরতা বাড়াতে হবে।	ডিডি সকল বিভাগ ও এডি (ওঃ ও ফাঃ প্রিঃ)
৬.	ইনোভেশন ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা কার্যক্রম জোরদারকরণ	বার্ষিক ইনোভেশন পরিকল্পনা অনুযায়ী ইনোভেশন টিমের ২টি প্রশিক্ষণ এবং কর্মসম্পাদন ব্যবস্থাপনা টিমের ২টি সভা সম্পন্ন হয়েছে । বর্তমান বছরেও অনুরুপ উদ্যোগ অব্যাহত রাখতে হবে।	রিফর্ম সেল
৭.	মাসিক প্রতিবেদন সহজীকরণ	অনেক মাসিক প্রতিবেদন আছে যা গুরুত্ব বহন করে না অথচ কাগজ, সময় ও শ্রম অপচয় হয়। মাঠ পর্যায় হতে প্রেরিত এরকম মাসিক প্রতিবেদন ফরম সহজীকরণের লক্ষ্যে গঠিত কমিটি আগামী ১৬/০৪/২০১৭ তারিখের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক প্রতিবেদন দাখিল করতে হবে।	উপ-পরিচালক/ সহকারী পরিচালক, ঢাকা

৮.	ই-মেইলে যোগাযোগ	যোগাযোগের মাধ্যম হিসাবে সরকারি নির্দেশনা অনুসরণ করে কাগজের ব্যবহার কমিয়ে ই-মেইল ব্যবহার করতে হবে। প্রত্যেক জেলা/বিভাগীয় কর্মকর্তা অফিসিয়াল কাজে ই-মেইল ব্যবহারের অনুশীলন করবেন। অন্যথায় তাদের মূল্যায়নে তার প্রতিফলন ঘটবে। এ ব্যাপারে সকলকে তাগিদপত্র দিতে হবে। পাইলট প্রজেক্ট হিসাবে এপিএ, শুদ্ধাচার, Inovation বিষয়ে সকল প্রতিবেদন উপ-পরিচালকগণ ই-মেইলে প্রেরণ করবেন।	উপ-পরিচালক (সকল বিভাগ)
৯.	Medal Regulation সংশোধন	The Bangladesh Fire Service Medal Regulation 1983 এর সংশোধনের জন্য মন্ত্রণালয় কর্তৃক চাহিত তথ্যাদি অন্যান্য বিভাগ/দপ্তর হতে সংগ্রহ পূর্বক ৩০/০৩/১৭ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে	সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ)
১০.	ই-ফাইলিং কার্যক্রম চালু	অধিদপ্তরে ই-ফাইলিং কার্যক্রম চালুর জন্য গঠিত কমিটি জরুরি যোগাযোগপূর্বক প্রশিক্ষণ গ্রহণ করে চলতি অর্থ বছরে চালুর ব্যবস্থা করতে হবে।	সহকারী পরিচালক (প্রশিক্ষণ)
১১.	Inovative আইডিয়া তৈরী	শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী চলতি অর্থবছরের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য ট্রেনিং কমপ্লেক্স এবং প্রত্যেক উপ-পরিচালকগণের নিকট হতে আগামী ১৫ দিনের মধ্যে ২টি করে Inovative আইডিয়া সংগ্রহ পূর্বক পরবর্তী সভায় আলোচনা করতে হবে।	উপ পরিচালক (প্রশাসন ও অর্থ)
১২.	উত্তম চর্চা ও Inovative আইডিয়া	মন্ত্রণালয়ের আগামী মাসিক সভায় অত্র অধিদপ্তর হতে ১টি উত্তম চর্চার প্রস্তাবসহ উপস্থিত থাকতে হবে। এ জন্য উত্তম চর্চা হিসেবে অত্র অধিদপ্তরের অধিনস্থ সকল দপ্তর ছুটির পরে প্রত্যেকে অফিস ত্যাগের সময় বৈদ্যুতিক সকল সাজ-সরঞ্জামাদি বন্ধ করা হয়েছে কিনা তা নিশ্চিত করার উত্তম চর্চা শুরু করতে হবে।	সংশ্লিষ্ট সকল

২। সভায় অন্য কোন আলোচ্য সূচী না থাকায় আগামী ২১/০৩/১৭ তারিখ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুরে অনুষ্ঠিতব্য অংশীজনের অংশগ্রহণে সভা সকলের অংশগ্রহণে সফলতার সাথে শেষ হবে সেই প্রত্যাশায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

২৮/০৩/২০১৭

মোঃ হারুন-উজ-জামান ভূঁইয়া
যুগ্মসচিব
পরিচালক (প্রশাসন ও অর্থ)

স্মারক নং- ৫৮.০৩.০০০০.০০২.৯৯.০১৪. ৪৬৬৭(৬০)

তারিখঃ ২৮ মার্চ ২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রদান করা হলোঃ

১. অতিরিক্ত সচিব, অগ্নি অধিশাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক (প্রশাঃ ও অর্থ/অপাঃ ও মেইনঃ/পঃউঃপ্রঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৩. উপ-পরিচালক (প্রশাঃ ও অর্থ/অপাঃ ও মেইনঃ/পরিকল্পনা কোষ/এ্যাম্বুলেন্স), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৪. অধ্যক্ষ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
৫. উপ-পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
৬. সহকারী পরিচালক (প্রশাঃ ও অর্থ/ক্রয় ও স্টোর/ওয়াঃ হাঃ ও ফাঃ প্রিঃ/অপাঃ ও মেইনঃ/প্রশিক্ষণ/উন্নয়ন),ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৭. সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা।
৮. উপ সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা (জোন-১/২/৩/৪)।
৯. সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
১০. জনাব ....।
১১. আইসিটি সেল, অত্র অধিদপ্তর । উক্ত কার্যবিবরণী ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা নিতে অনুরোধ করা হল।

২৮.৩.১৭

মোঃ বদিউজ্জামান
উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)

F:\Administration\Jatiyo Shuddhachar Kowshol\Suddhachar (Integrity)Resolation).docN.doc